স্মারক নং-সিবিবিএল/জিএসডি/নিলাম/২০২৫/ ০০০২ তারিখঃ ২৭/০৮/২০২৫

**নিলাম বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কমিউনিটি ব্যাংক বাংলাদেশ পিএলসি., প্রধান কার্যালয়, গুলশান-১, ঢাকায় অবস্থিত ০১ (একটি) মাইক্রোবাস (ব্র্যান্ডঃ টয়োটা-হাইস, মডেলঃ ২০১৮, উৎপত্তিঃ থাইল্যান্ড) নিলামে বিক্রয়ের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিক, আগ্রহী ক্রেতা/প্রতিষ্ঠানের নিকট থেকে সীলমোহরকৃত খামে নিম্নোক্ত বিবরণ অনুযায়ী প্রতিযোগিতামূলক নিলাম দরপত্র আহবান করা যাচ্ছেঃ

১. প্রতিষ্ঠানের নামঃ কমিউনিটি ব্যাংক বাংলাদেশ পিএলসি.

২. নিলাম দরপত্র কাজের শিরোনাম ও বিবরণঃ কমিউনিটি ব্যাংক বাংলাদেশ পিএলসি., প্রধান কার্যালয়, গুলশান-১, ঢাকায় অবস্থিত ০১ (একটি) মাইক্রোবাস (ব্র্যান্ডঃ টয়োটা-হাইস, মডেলঃ ২০১৮, উৎপত্তিঃ থাইল্যান্ড) নিলামে বিক্রয়।

৩. নিলাম দরপত্র প্রকাশের তারিখঃ ~~২৮/০৮/২০২৫~~ ১১/০৯/২০২৫

৪. নিলাম দরপত্র সিডিউল জমাদানের তারিখ ও সময়ঃ ~~০৩/০৯/২০২৫~~ ১৭/০৯/২০২৫ তারিখ বেলা ২.০০ ঘটিকা পর্যন্ত।

৫. নিলাম দরপত্র যোগ্যতা ও দরপত্রের সাথে যে যে কাগজপত্র দাখিল করতে হবেঃ (ক) হালনাগাদ ট্রেড লাইসেন্স (প্রতিষ্ঠানের ক্ষেত্রে) (খ) হালনাগাদ পরিশোধিত আয়কর সার্টিফিকেট (গ) ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট (প্রতিষ্ঠানের ক্ষেত্রে) (ঘ) এনআইডি (NID) এর ফটোকপি। পত্রিকায় নিলাম এবং ব্যাংকের ওয়েবসাইটে নিলাম বিজ্ঞপ্তি প্রকাশের পর ওয়েব সাইটে প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী উল্লিখিত কাগজপত্র সংযুক্ত করে কর্তৃপক্ষ বরাবর স্ব স্ব প্যাডে আবেদনের মাধ্যমে দরপত্র জমা দেয়া যাবে।

৬. নিলাম দরপত্রের জামানতের পরিমান ও বিবরণঃ **উদ্ধৃত মূল্যের ৫%।** জামানত ব্যাতীত যে কোন দরপত্র বাতিল বলে গণ্য হবে। দরপত্রের জামানতের টাকা 'কমিউনিটি ব্যাংক বাংলাদেশ পিএলসি.'' এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে দাখিলকৃত দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে। অকৃতকার্য দরদাতার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার চূড়ান্ত সিদ্ধান্তের পর ফেরতযোগ্য, তবে কৃতকার্য দরদাতার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নিলাম ঘোষিত ০১ (একটি) মাইক্রোবাস উল্লিখিত স্থানসমূহ হতে অপসারণ পর্যন্ত সিকিউরিটি মানি হিসেবে গচ্ছিত থাকবে। ব্যাংক কর্তৃপক্ষ জমাকৃত দরপত্র খোলা সহ যাচাই বাছাই কার্যক্রম ব্যাংকের সুবিধাজনক সময়ের মধ্যে সম্পাদন শেষে উপযুক্ত দরদাতা/দরদাতাগণকে প্রধান কার্যালয়ে আমন্ত্রণ জানানো হবে। প্রয়োজন অনুযায়ী ব্যাংক এই নিয়ম শিথিল করণের অধিকার সংরক্ষণ করে।

৭. অকেজো ঘোষিত মালামালের বিবরণঃ ০১ (একটি) মাইক্রোবাস (ব্র্যান্ডঃ টয়োটা-হাইস, মডেলঃ ২০১৮, উৎপত্তিঃ থাইল্যান্ড) - ছবি সংযুক্ত (ওয়েবসাইট)

৮. বিশেষ জ্ঞাতব্যঃ

ক. আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান আগামী ~~২৮/০৮/২০২৫~~ ১১/০৯/২০২৫ হতে ~~০৩/০৯/২০২৫~~ ১৭/০৯/২০২৫ তারিখ (সকাল ৯.০০ টা থেকে বিকাল ৫.০০ টা) (সরকারী ছুটির দিন ব্যতীত) পর্যন্ত কমিউনিটি ব্যাংক বাংলাদেশ পিএলসি., পুলিশ প্লাজা কনকর্ড, টাওয়ার-১ এবং ২, গুলশান-১, ঢাকায় অবস্থিত ০১ (একটি) মাইক্রোবাস সরেজমিনে পরিদর্শন করতে পারবেন।

খ. সর্বক্ষেত্রে প্রচলিত পাবলিক প্রকিউরমেন্ট আইন ও বিধিমালা অনুসরণ করা হবে। প্রস্তাবিত উদ্ধৃত মূল্যের সাথে বিধি মোতাবেক ভ্যাট-ট্যাক্স পরিশোধ করতে হবে।

গ. নিলাম দরদাতাকে সিডিউলে বর্ণিত সকল শর্তাবলী অবশ্যই পালন করতে হবে।

ঘ. নির্ধারিত তারিখ ও সময়ের পর নিলাম দরপত্র গ্রহণ করা হবে না।

৯. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন/সকল দরপত্র গ্রহণ কিংবা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে এবং কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

স্বাক্ষরিত,

(সাইফুল আলম)
এসইভিপি ও কোম্পানী সচিব
চেয়ারম্যান
নিলাম কমিটি
প্রধান কার্যালয়, কমিউনিটি ব্যাংক বাংলাদেশ পিএলসি.

CS CamScanner